

যুগ্মান্তর

অধ্যাপক নাজমা ট্রাষ্ট বৃত্তি পেল ঢাবির ৩ শিক্ষার্থী

প্রকাশ : ১৯ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের তিন মেধাবী শিক্ষার্থী ‘অধ্যাপক নাজমা বেগম ট্রাষ্ট ফাউন্ড বৃত্তি’ লাভ করেছেন। রোববার ভিসি লাউঞ্জে এক অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মো. আখতারজামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। এ সময় ট্রাষ্ট ফাউন্ডের মূলধন বৃদ্ধির লক্ষ্যে অধ্যাপক ড. নাজমা বেগম ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে চার লাখ টাকার একটি চেক হস্তান্তর করেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন- আনিসুর রহমান (এসএম ওয়াজিদ বৃত্তি), মো. জিয়াউর রহমান (মোমেন বেগম বৃত্তি) এবং মো. ফিরোজ রানা (আবুল হাসনাত মাহমুদ বৃত্তি)। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শফিক উজ জামান, ট্রাষ্ট ফাউন্ডের দাতা অধ্যাপক ড. নাজমা বেগম এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএরিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।